

আন্তর্জাতিক সীমানা নির্ধারণ শাখা
সেকশন-৩

কৌশলগত উদ্দেশ্য অধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রা

কৌশলগত উদ্দেশ্য	কৌশলগত উদ্দেশ্যের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন	২০২২-২০২৩		মন্তব্য
							লক্ষ্যমাত্রা	অর্জন	
(১) দক্ষ ও কার্যকর ভূমি স্বত্ব ব্যবস্থাপনা	৭০	১.৫ আন্তর্জাতিক সীমানা সম্পর্কিত বিষয় নিষ্পত্তি	১.৫.১ যৌথভাবে সীমানা পরিদর্শন	সংখ্যা	২	২০২১-২০২২ ১৮	১৩	জানুয়ারি-মার্চ ২০২৩ খ্রি. মাসের অর্জন।	কপি অধ্যুক্ত
			১.৫.২ যৌথ সীমান্ত সম্মেলন	সংখ্যা	২	১	০১		কপি অধ্যুক্ত
			১.৫.৩ সংরক্ষণ ও মেরামতকৃত সীমানা পিলার	সংখ্যা	২	১০৩৯	৫০০	১৩৭	

শাহমিয়া
০৭/০৪/২৬

(শাহমিয়া আক্তার শিল্প)
অফিস সহকারী তথা কমিশনার অফিসে
বাউভারী শাখা

হুমায়ুন
৩/৪/২০২৬

মঃ ফেরদৌস হোসেন
সহকারী পরিচালক
ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর
তেজগাঁও, ঢাকা-১২০৮

ফেরদৌস হোসেন
০৩/৪/২০২৩
মঃ মনিরুজ্জামান
উপপরিচালক (জরিপ)



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর
ভূমি ভবন
৯৮, শহীদ তাজউদ্দিন আহমেদ সরণি
তেজগাঁও, ঢাকা-১২০৮
ওয়েবঃ www.dlrs.gov.bd



স্মারক নং - ৩১.০৩.০০০০.০০৪.৩৩.০১৪.২২ (খন্ড-১)- ৬০০

তারিখঃ ২২/০৮/১৪২৯ বঙ্গাব্দ
০৭/১২/২০২২ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, বাংলাদেশ এবং সার্ভেয়ার জেনারেল অব ইন্ডিয়া এর মধ্যে অনুষ্ঠিত ৫ম যৌথ সীমানা সম্মেলন অনুষ্ঠান।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, বাংলাদেশ এবং সার্ভেয়ার জেনারেল অব ইন্ডিয়া পর্যায়ে ৫ম যৌথ সীমানা সম্মেলন ২১-২৩ নভেম্বর ২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত হয়। এ উপলক্ষ্যে ভারতীয় প্রতিনিধিদলের দলনেতা সার্ভেয়ার জেনারেল মোট ১৮ (আঠার) জনের একটি প্রতিনিধিদল ২০/১১/২০২২ খ্রি. তারিখে ঢাকায় হোটেল হলি ডে ইন - এ উপস্থিত হয়ে ২১-২৩ নভেম্বর ২০২২ খ্রি. তারিখে সম্মেলনে অংশগ্রহণ করে। উক্ত সম্মেলন মোট ১২ টি Agenda নিয়ে আলোচনা করা হয়। কর্মসূচী অনুযায়ী ২১-২২ নভেম্বর ২০২২ খ্রি. তারিখে আলোচনা শেষে সম্মেলনের কার্যবিবরণী স্বাক্ষরের জন্য উপস্থাপিত হলে দু'পক্ষের মধ্যে মতানৈক্য হয়। এ পরিপ্রেক্ষিতে দু'পক্ষের যৌথ দু'টি কারিগরি কমিটি বিষয়টি বিস্তারিত আলোচনা করেও একমত হতে পারেনি। মূলতঃ Agenda No. 4: Discussion on Draft Modalities for Construction of Reference Pillars in Kushiyara River Ges Agenda No. 5: Demarcation of 140 km of the India Bangladesh Boundary in the Stretch of the Rivers Ichhamati, kalindi, Raimangel and Hariabhanga in Satkhira-24 Parganas sector. নিয়ে এ মতানৈক্য হয়। এ দু'টো Agenda নিয়ে উভয় দেশের একমাত্র দলনেতা পর্যায়ে (one to one) ২৩/১১/২০২২ খ্রি. তারিখে দীর্ঘ সময় আলোচনাতেও বিষয়টি সুরাহা হয়নি। ভারতীয়পক্ষ অনড় থাকাতে এ বিষয়ে নির্দেশনার জন্য সচিব, ভূমি মন্ত্রণালয় এবং সচিব, মেরিটাইম অ্যাফেয়ার্স ইউনিট, পররাষ্ট্র মন্ত্রণালয় এর সাথে মহাপরিচালক আলোচনা করেন। উক্ত আলোচনা অনুযায়ী ভারতীয় পক্ষের নিকট খসড়া কার্যবিবরণী উপস্থাপন করা হয়। ভারতীয়পক্ষ তাদের পূর্ব অবস্থানে অনড় থাকে। এ পর্যায়ে কার্যবিবরণীতে কোনরূপ স্বাক্ষর ছাড়া ৫ম যৌথ সীমানা সম্মেলন সমাপ্ত হয়।

০২। এমতাবস্থায়, ভারতীয় পক্ষের নিকট উপস্থাপিত সর্বশেষ কার্যবিবরণীর কপি পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত পররাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

স্বাক্ষরিত: ২৫ (সাঁচিল) ৫৫৫।

মোঃ আব্দুল বারিক
মহাপরিচালক
(গ্রেড-১)
ফোনঃ ৪১০২৪৬০১
e-mail:dgdlrs@gmail.com

সচিব
ভূমি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
[দৃষ্টি আকর্ষণঃ যুগ্ম সচিব (জরিপ)]

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে

সিনিয়র সচিব
পররাষ্ট্র মন্ত্রণালয়
সেগুন বাগিচা, ঢাকা।
[দৃষ্টি আকর্ষণঃ মহাপরিচালক, দক্ষিণ এশিয়া]